

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৪৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভয় ও কান্না

اَلْفَصْلُ الثَّنِفْ (بَابِ الْبِكَاءِ وَالْخَوْف)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ خَافَ أَدْلَجَ وَمَنْ أَدْلَجَ بَلَغَ الْمَنْزِلَ. أَلَا إِنَّ سِلْعَةَ اللَّهِ الْجَنَّةُ» . رَوَاهُ التِّرْمِذِيّ

ضعیف ، رواه الترمذی (2450 وقال: حسن غریب) * یزید بن سنان: ضعیف ضعفه الجمهور و ضعفه راجح ـ

বাংলা

৫৩৪৮-[১০] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে লোক ভয় পায় সে ভোররাতেই যাত্রা শুরু করে, আর ভোররাতেই যে লোক যাত্রা শুরু করে, সে গন্তব্য স্থলে পৌঁছতে পারে। জেনে রাখ, আল্লাহ তা'আলার পণ্য খুবই দামী। জেনে রাখ, আল্লাহ তা'আলার পণ্য হলো জান্নাত। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২৪৫০, সিলসিলাতু সহীহাহ্ ৯৫৪, ২৩৩৫, সহীহুল জামি' ৬২২২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৩৭৭, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ১৪৬০, শুআবূল ঈমান ১০৫৭৬, আল মুসতাদরাক লিল হাকিম ৭৮৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (مَنْ خَافَ) যারা প্রভাতে শক্রদলের আক্রমণকে ভয় পাবে।

(اَّذُلَجُ) তারা প্রথম রাত্রিতে সফর করবে। (وَمَنْ أَدْلَجَ) যারা প্রথম রাত্রিতে সফর করে কাজ্জ্ব্ত লক্ষ্মে না পৌছার আশক্ষা করবে তারা রাত্রিতে বিনিদ্রিত থাকবে।



(بَلَغَ الْمَنْزِل) याता तािंविः विनिर्धिः थाकरि जाता कािष्क्रिः नर्क्ष्य পৌছে याति।

'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহল্লাহ) বলেন, নবী (সা.) এ উপমাটি দিয়েছেন তাদের জন্য যারা পরকালের উদ্দেশে যাত্রাকারী। কেননা শয়তান তাদের পথে বাধা দিবে। প্রবৃত্তির তাড়না এবং মিথ্যা আশা-আকাজ্জা তার সাহায্যকারী হবে। যদি সে তার যাত্রাপথে সজাগ থাকে এবং তার কার্যকলাপে একনিষ্ঠ থাকে, তাহলে সে শয়তানের চক্রান্ত এবং তার সহযোগীর সকল প্রতিবন্ধকতা থেকে নিরাপদে থাকবে।

(أَلَا إِنَّ سِلْعَةَ اللَّهِ غَالِيَةً) সাবধান! আল্লাহ তা'আলার পণ্যসামগ্রী তথা জান্নাতের ভোগ-বিলাসের সামগ্রী অনেক মূল্যবান।

(الكَالُو إِنَّ سِلْعَةَ اللَّهِ الْجَنَّةُ) সাবধান! জেন রেখো, নিশ্চয় আল্লাহ তা'আলার মূল্যবান পণ্যসামগ্রী হচ্ছে উন্নতমানের জান্নাত আর এর ক্রয়কারী সামগ্রী হচ্ছে পরকালীন 'আমল। যার ইঙ্গিত রয়েছে আল্লাহ তা'আলার এ বাণীতে, আন এর ক্রয়কারী সামগ্রী হচ্ছে পরকালীন 'আমল। যার ইঙ্গিত রয়েছে আল্লাহ তা'আলার এ বাণীতে, (الكَمَالُ وَ السَّبْلُوسَ نَ زِيسَنَۃُ السَّحَيْوةِ الدُّنْسَيَا وَ السَبْقِيْتُ الصِّلْحَتُ خَيسَرٌ عِنسَدَ رَبِّكَ ثَوْابًا وَ خَيسَرٌ اَمَلًا) 'আর স্থায়ী সৎকাজ তোমার রবের নিকট প্রতিদানে উত্তম এবং প্রত্যাশাতেও উত্তম।" (সূরাহ্ আল কাহফ ১৮ : ৪৬)

আর এদিকেই ইঙ্গিত করা হয়েছে আল্লাহ তা'আলার এই বাণীতে, نَ اللهُ الشَّاتُى مِنَ السَّمُ السَّمُ السَّمَ السَ

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন